

উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, ফেঞ্চুগঞ্জ, সিলেটে জাতীয় শুদ্ধাচার কৌশল
কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে গঠিত
নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : ডাঃ অহিদা ইয়াসমিন
সভার স্থান : উপজেলা প্রাণিসম্পদ অফিসারের অফিসকক্ষ, ফেঞ্চুগঞ্জ ।
সভার তারিখ ও সময় : ১৪ সেপ্টেম্বর, ২০২২, সকাল ১১.০০ ঘটিকা ।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা:

ক্রমিক নং	নাম ও পদবী
০১	মো: ফারুক আহমদ, উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ)
০২	মোহাম্মদ দিদারুল ইসলাম, ভিএফএ
০৩	রীতা সরকার, ভিএফএ
০৪	মোহাম্মদ মামুনুর রশিদ, এফ.এ(এ/আই)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এপিএ টিম লিডার জনাব মো: ফারুক আহমদ, উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা(সম্প্রসারণ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে সকলকে কার্যকর ভূমিকা রাখার জন্য অনুরোধ করেন।

সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে অধিকতর সচেতন, ত্রৈমাসিক ভিত্তিতে সভা আহবান, অগ্রগতি প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করেন।

অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:-

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ প্রণয়ন ও বাস্তবায়নের বিষয়ে আলোচনা	২০২২-২০২৩ অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার খসড়া প্রণয়নপূর্বক সভায় উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় তা অনুমোদন করা হয়।	উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ)
০২	নৈতিকতা কমিটির ত্রৈমাসিক কসভা ও অগ্রগতি প্রতিবেদন প্রেরণ বিষয়ে আলোচনা	নিয়মিত ত্রৈমাসিক সভা আহবান ও বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার
০৩	ত্রৈমাসিক সভা ও অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড বিষয়ে আলোচনা	ত্রৈমাসিক সভার কার্যবিবরণী ও অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	এফএ(এ/আই)

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১৪/০৯/২০২২

ডাঃ অহিদা ইয়াসমিন
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট।